অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/26/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে গুরুত্বপূর্ণ অবকাঠামো উন্নয়েনর সহায়তা করার জন্য 38 মিলিয়ন মার্কিন ডলারের মূলধন ঘোষণা করেন

অনুদানগুলো 33টি বেসরকারি, অলাভজনক কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোর সুযোগ-সুবিধা আধুনিকায়ন, শিক্ষার্থীদের অভিজ্ঞতা বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়নে সহায়তা করবে

বরাদ্দের সম্পূর্ণ তালিকা দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ হায়ার এডুকেশন ক্যাপিটাল ম্যাচিং গ্রান্ট প্রোগ্রাম (Higher Education Capital Matching Grant Program, HECap) এর মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের 33টি কলেজ ও বিশ্ববিদ্যালয়ে 38 মিলিয়ন মার্কিন ডলার মূলধনের অনুদান ঘোষণা করেছেন। এই বরাদ্দগুলি এমন প্রকল্পগুলোকে সহায়তা করে যেগুলো নতুন ল্যাবরেটরি ও অনুসন্ধানী ক্ষেত্রগুলোর নিমার্ণ ও সংস্কার, নতুন শিক্ষামূলক প্রযুক্তি ও সংঞ্জাম ক্রয় ও অন্যান্য অনেক উল্লখযোগ্য বিনিয়োগ প্রদান করে।

"নিউ ইয়র্কের কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলো অতুলনীয়, শিক্ষর্থীদের শিখতে, অন্বেষণ করতে এবং তাদের ক্যারিয়ার শুরু করার জন্য প্রস্তুত করতে অতুলনীয় সুযোগ প্রদান করে," **গভর্নর হোকল বলেন।** "এই মূলধনের মাধ্যমে আমার প্রশাসন আমাদের শিক্ষর্থীদেরকে – আমাদের বেসরকারি, অলাভজনক প্রতিষ্ঠানসহ – একটি শীর্ষ স্তরের, নিউ ইয়র্কের শিক্ষা প্রদান করার জন্য আমাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে যা তাদের শ্রেণিকক্ষের ভিতরে ও বাইরে সফল হতে সহায়তা করবে।"

গভর্নর হোকলের নেতৃত্বে হায়ার এডুকেশন ক্যাপিটাল ম্যাচিং গ্রান্ট প্রোগ্রাম স্টেট জুড়ে ক্যাম্পাসগুলিকে নিমার্ণ জনিত কর্মসংস্থান তৈরি করার সময় তাদের অবকাঠামো ও সরঞ্জামগুলোতে গুরুত্বপূর্ণ বিনিয়োগ করতে সক্ষম করেছে।

যে ক্যাম্পাসগুলো অনুদান গ্রহণ করে সেখানে তাদের প্রাপ্ত স্টেট মূলধনের প্রতি 1 মার্কিন ডলারের জন্য তাদের নিজস্ব মূলধনের কমপক্ষে 3 মার্কিন ডলার বিনিয়োগ করতে হবে। এই প্রকল্পগুলোতে কলেজের যৌথ অর্থায়নের সাথে একত্রিত হলে, মুলধনের এই রাউন্ডের ফলে

নিউ উয়র্কের উচ্চতর শিক্ষাগত কমিউনিটিগুলোতে 152 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হবে।
নির্বাচিত বরাদ্দের পরিমাণগুলোর মধ্যে রয়েছে:

- লং আইল্যান্ড ইউনিভার্সিটি (নিউ ইয়র্ক সিটি) (Long Island University (New York City)): একটি 1.3 মিলিয়ন মার্কিন ডলারের ইঞ্জিনিয়ারিং ফেব্রিকেশন ল্যাবরেটরি (Engineering Fabrication Laboratory) নির্মাণ।
- সেন্ট জন'স বিশ্ববিদ্যালয় (নিউ ইয়র্ক সিটি) (St. John’s University (New York City)): 3 মিলিয়ন মার্কিন ডলারের একটি বাস্কেটবল প্রশিক্ষণ (Basketball Practice Facility) স্থান নিমার্ণ।
- ফোর্ডহ্যাম বিশ্ববিদ্যালয় (নিউ ইয়র্ক সিটি) (Fordham University (New York City)): 3 মিলিয়ন মার্কিন ডলারের ফোর্ডহ্যাম রোড কমিউনিটি সেন্টার (Fordham Road Community Center) তৈরি।
- হ্যামিল্টন কলেজ (ক্লিনটন) (Hamilton College (Clinton)): 3 মিলিয়ন মার্কিন ডলারের হ্যামিল্টন ইনোভেশন সেন্টার নির্মাণ (Hamilton Innovation Center)।
- রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউট (ট্রয়) (Rensselaer Polytechnic Institute (Troy)): মাইক্রোইলেক্ট্রনিক্স সরঞ্জামগুলোতে সংস্কার ও প্রযুক্তিগত আপগ্রেড করতে 1.9 মিলিয়ন মার্কিন ডলার।
- সিরাকিউজ বিশ্ববিদ্যালয় (সিরাকিউজ) (Syracuse University (Syracuse)): 3 মিলিয়ন মার্কিন কোয়ান্টাম টেকনোলজি সেন্টার (Quantum Technology Center) তৈরি।
- রচেস্টার ইনস্টিটিউট অভ টেকনোলজি (রচেস্টার) (Rochester Institute of Technology (Rochester)): 1.5 মিলিয়ন মার্কিন ডলারের বৈদ্যুতিক অবকাঠামো সংস্কার।
- ক্যানিসিয়াস বিশ্ববিদ্যালয় (বাফেলো) (Canisius University (Buffalo)): 1 মিলিয়ন মার্কিন ডলারের স্টুডেন্ট সাকসেস সেন্টার নির্মাণ (Student Success Center)।

প্রতিযোগিতামূলক আবেদন প্রক্রিয়া অনুসারে HECap বোর্ডের 26 জুনের সভায় এই মূলধন প্রদান করা হয়েছিল। তিন সদস্যের HECap বোর্ড বিধানসভার স্পিকার কর্তৃক মনোনীত একজন সদস্য, সিনেটের অস্থায়ী সভাপতি কর্তৃক মনোনীত একজন সদস্য এবং গভর্নর কর্তৃক মনোনীত তৃতীয় সদস্য নিয়ে গঠিত। DASNY HECap বোর্ডের কর্মী হিসেবে কাজ করে এবং প্রোগ্রামটি পরিচালনা করে। বরাদ্দ প্রদানকৃত প্রকল্পগুলির একটি সম্পূর্ণ তালিকা DASNY ওয়েবসাইটে উপলভ্য।

2005 সালে HECap প্রতিষ্ঠার পর থেকে, স্টেট অব নিউ ইয়র্ক (State of New York) নিউ ইয়র্ক স্টেট জুড়ে কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে 307টি প্রকল্পে 368.1 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন করেছে। এই বরাদ্দগুলোর ফলে প্রোগ্রামের শুরু থেকে মোট 1.10 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ হয়েছে।

গুরুত্বপূর্ণ একাডেমিক সুবিধা, অর্থনৈতিক উন্নয়ন অথবা উচ্চ প্রযুক্তির প্রকল্প এবং শহর সহ স্টেটের অভ্যন্তরে কলেজ ক্যাম্পাসে বা এর কাছাকাছি কোন ভবনের নকশা অধিগ্রহণ, নিমার্ণ, সংস্কার, পুনর্বাসন অথবা সজ্জিত করার জন্য HECap প্রোগ্রাম কলেজগুলোকে মূলধন

অনুদানের সংস্কার অথবা ঐতিহাসিক সংরক্ষণ প্রকল্প প্রদান করে যা কলেজে প্রোগ্রাম্যাটিক অফার বা ছাত্রজীবনকে উন্নত করবে অথবা এই ধরণের কলেজ ক্যাম্পাসের আশেপাশের এলাকায় অর্থনৈতিক উন্নয়নের সুবিধা প্রদান করবে।

পরবর্তী প্রতিযোগিতামূলক রাউন্ডর জন্য অনুদানের আবেদনের জন্য কোন অনুমোদন HECap বোর্ডের সভায় অনুমোদিত হয়েছিল।

DASNY এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা রবার্ট জে. রড্রিগেজ বলেন, "DASNY এমন একটি প্রোগ্রামকে সহায্য করতে পেরে গর্বিত যা আমাদের স্টেট জুড়ে অত্যাধুনিক কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোর জন্য দীর্ঘমেয়াদী বাস্তব বিনিয়োগ প্রদান করে। এই বিনিয়োগগুলো নিউ ইয়র্কের ভবিষ্যত গড়তে সাহায্য করবে এমন শিক্ষার্থীদের আকৃষ্ট এবং শিক্ষিত করে গড়ে তোলার পাশাপাশি নিউ ইয়র্কের অর্থনীতিকে শক্তিশালী করতে সাহায্য করে।"

স্টেট সিনেটর টবি অ্যান স্ট্যাভিস্কি বলেন, "হায়ার এডুকেশন ক্যাপিটাল ম্যাচিং গ্রান্ট প্রোগ্রাম একটি সরকারী – বেসরকারি খাতের সহযোগিতায় একটি ব্যতিক্রমী উদাহরণ যা সকল নিউ ইয়র্কবাসীর জন্য কাজ করে। HECap প্রোগ্রামটি স্টেট জুড়ে ক্যাম্পাসগুলোকে তাদের অবকাঠামো এবং সরঞ্জামগুলোতে গুরুত্বপূর্ণ বিনিয়োগ করতে সহায়তা করে, নিউ ইয়র্কের স্বাধীন কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলোকে জাতীয় এবং বৈশ্বিক পর্যায়ে প্রতিযোগিতামূলক রাখে।"

অ্যাসেম্বলিমেম্বার প্যাট্রিসিয়া ফাহি বলেন, "নিউ ইয়র্কের বেসরকারি কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলো প্রতি বছর হাজার হাজার শিক্ষার্থীকে শিক্ষিত করে এবং যেগুলো আন্তর্জাতিক পর্যায়ে প্রতিযোগিতামূলক। HE-CAP প্রোগ্রামের অধীনে অবকাঠামোতে গুরুত্বপূর্ণ বিনিয়োগের মাধ্যমে এই প্রতিষ্ঠানগুলো শিক্ষার্থী, অনুষদ ও কর্মীদের ধরে রাখতে এবং আকৃষ্ট করতে সক্ষম হয় তা নিশ্চত করা হল তালিকাভুক্তি বজায় রাখা ও উচ্চ মানের শিক্ষার অগ্রগতির মূল চাবিকাঠি। অ্যাসেম্বলিতে উচ্চ শিক্ষার কমিটির চেয়ারম্যান হিসেবে, আমি আমার সিনেট প্রতিপক্ষ টবি অ্যান স্ট্যাভিস্কি ও আমাদের বেসরকারী কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোর সাথে তাদের সাফল্য অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় সংস্থানগুলি সরবরাহ করতে পেরে গর্বিত।"

ইন্ডিপেন্ডেন্ট কলেজেস ও বিশ্ববিদ্যালয় (Independent Colleges and Universities) এর কমিশনের সভাপতি লোলা ডব্লিউ. ব্রাহাম বলেন, "এই গুরুত্বপূর্ণ প্রোগ্রামকে সহায়তা করার জন্য আমরা গভর্নর হোকল ও আইনসভাকে ধন্যবাদ জানাই। HECap নিউ ইয়র্কের স্বাধীন অলাভজনক কলেজগুলো ও বিশ্ববিদ্যালয়গুলোতে গুরুত্বপূর্ণ একাডেমিক সুবিধাগুলো উন্নত করতে, অর্থনৈতিক উন্নয়ন ও উচ্চ প্রযুক্তির প্রকল্পগুলো পরিচালনা করতে এবং নগর সংস্কার ও ঐতিহাসিক সংরক্ষণকে উৎসাহিত করার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করে একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ প্রদান করে এবং নিশ্চিত করে যে নিউ ইয়র্ক উচ্চশিক্ষা ও উদ্ভাবনে বিশ্বপ্যাপী নেতা হিসেবে রয়ে গেছে।"

HECap প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে। অনুদান বরাদ্দের একটি সম্পূর্ণ তালিকা এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন